উপ-নির্বাচনে জয়পুরে টিএমসি'র মিছিল

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া জেলার জয়পুর থানার জয়পুর পঞ্চানন রায় কলেজ তৃণমূল ছাত্র পরিষদ নির্বাচনী প্রচারে ঝাঁপিয়ে পড়েছে। দলীয় নেতা-কর্মী-সমর্থক ঐক্যবদ্ধভাবে নির্বাচিত করতে দলীয় প্রার্থীর সমর্থনে মিছিল বের করে ও পথসভা করে। উলুবেড়িয়া লোকসভার উপনির্বাচনের প্রার্থী ঘোষণা হওয়ার পর থেকে তৃণমূলের দেওয়াল লিখন ও ফেস্টুন, মিছিল, পথসভা অনুষ্ঠিত হচ্ছে। কর্মীদের ঢল নামছে এই মিছিল ও পথসভায়। দলীয় প্রার্থী সাজদা আহমেদ প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হচ্ছেন বলে জানিয়েছেন সমর্থকরা। কলেজ গেট হতে জয়পুর মোড় এই মিছিল পরিক্রমা করে। কলেজছাত্রী ও ছাত্র ইউনিয়নের নেতৃত্বে, পার্টির সভাপতি সেখ সেলিমুল আলম, যুব নেতৃত্ব, কেন্দ্রীয় ও জেলা নেতা, আমতা-২ পঞ্চায়েত সমিতির সভাপতি মিঠু বাড়ুই প্রমখ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন এই মিছিলে।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

			1	2	7	6		
8							7	
				8		9		5
	6	4		7	1			
				3				
			9	4		1	2	
9		3		1				
	5							8
		7	3	9	5			

গতকালের সমাধান

6	9	3	8	5	2	1	4	7
1	2	8	3	4	7	9	5	6
4	7	5	1	6	9	3	2	8
2	3	6	5	9	1	8	7	4
5	8	9	7	2	4	6	3	1
7	1	4	6	8	3	2	9	5
8	4	7	9	3	6	5	1	2
3	6	1	2	7	5	4	8	9
9	5	2	4	1	8	7	6	3

আবহাওয়া

পূর্বাভাস: শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ২৪ ডিগ্রি ও ১১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** বৃহস্পতিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ২২ ডিগ্রি ও ১১ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৫৭ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৬।১৭, **সূর্যাস্ত:** ঘ ৫:০৬ **জোয়ার:** দুপুর : ৩:৩৮। **ভাঁটা:** সকাল : ১১:০০।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	63.3914
INR / 1 Euro	76.2472
INR / 100 Jap. YEN	56.3100
INR /1 Pound Sterling	85.7432

শেয়ার সূচক

BSE	33,969.64 ▲	(+176.64)
NIFTY	10,504.80 ▲	(+61.60)

শব্দলিপি- ১০৭৫



নির্মল দস্তিদার

পাশাপাশি : ১। ডাকাতদলের সেনাপতি ৪। ইন্দ্রজাল ৫। যুক্তকর ৭। গঙ্গাবহন ৮। ভগিনীপতি ১০। জলখাবার ১২। বহু মূল্যবান খনিজ পদার্থের বিশেষ ১৩। একত্রে কমলা ও নারায়ণ

উপরনীচ : ১। রান্নার ২। প্রতারক ৩। মহাকাশযান ৪। প্রসাধন দ্রব্য ৬। কাটিখোট্টা ৯। থেকে ১০। সহজবোধ্য ১১। সরু ও লম্বা ফলযুক্ত বড়ো গাছ বিশেষ

সমাধান : শব্দলিপি - ১০৭৪

পাশাপাশি : ১। অবিরত ২। মণিক ৬। প্রাগমন ৭। কারণজল ৯। বংশরক্ষা ১১। বনসাই ১৩। মার্জিত ১৪। নক্ররাজ

উপরনীচ : ২। বিরাগ ৩। তখনকার ৪। মহারণ ৫। কবির লড়াই ৬। প্রতিবস্তুপমা ৮। রক্ষাবন্ধন ১০। শব্দাতীত ১২। সাহারা

রাধাপদ হাজরার কফিনবন্দি দেহ ফিরল বাড়িতে

নিজস্ব সংবাদদাতা, নদিয়া : জন্মদিনে বাড়ি ফেরা হয়নি। ফিরলেন জন্মদিনের পরের দিন। তবে কফিনবন্দি হয়ে। বুকভাঙা কান্না ধ্বনিত হল গ্রামজুড়ে। সীমান্ত শহিদ বিএসএফ-এর হেড কনস্টেবল রাধাপদ হাজরার কফিনবন্দি দেহ ফিরল বাড়িতে। জন্মদিনে বাবা কাছে নেই তো কী দূর থেকেই জন্মদিন পালনের উৎসাহে খামতি ছিল না ছেলেমেয়ের। জন্মদিনের দিন ফোন এল ঠিকই। কিন্তু বাবার গলা আর শোনা হল না তাদের। খবর এল, বাবা আর নেই। বুধবার পাকিস্তানি স্নাইপারদের গুলিতে শহিদ হন বিএসএফের ব্যাটেলিয়নের হেড কনস্টেবল রাধাপদ হাজরা। বৃহস্পতিবার নিথর দেহ ফিরল নদিয়ার নাজিরপুর গ্রামে নিজের বাড়িতে।

রাধাপদ হাজরার মৃত্যুর খবর শুনেই কান্নার রোল উঠেছিল বাড়িতে। থমথমে ছিল গোটা গ্রাম। তাঁর দেহ ফিরতে শুধু তার বাড়িতেই নয়, শোকের ছায়া ঘিরে রেখেছে গোটা গ্রামকে।

ভাগ্যলিপি

মেষ

পুরনো কোন বন্ধুর সঙ্গে সাক্ষাত হতে পারে আজ। সৃজন কাজের সঙ্গে যুক্ত হতে পারেন।

বৃষ

প্রত্যেকদিনের কাজের তালিকা থেকে আপনি কিছুটা হলেও ছাড় পেতে পারেন।

মিথুন

একটা ভালোদিন আজ অপেক্ষা করছে। যোগাযোগের ক্ষেত্রে উন্নতি হতে পারে।

কর্কট

যে সুযোগ আপনার কাছে এসেছে, তাকে কাজে লাগানোর চেষ্টা করুন।

সিংহ

সর্বমেয়াদী লাভের সম্ভাবনা রয়েছে। ব্যবসায়ে বড় লেনদেন হতে পারে। সেইমত সিদ্ধান্ত গ্রহণ করুন।

কন্যা

আজ আপনার ক্ষমতা ও আর্থিক শ্রীবৃদ্ধি পাবে। অর্থনৈতিক অগ্রগতি সম্ভাবনা রয়েছে।

তুলা

মানসিকভাবে যে চাপ ছিল আপানার কাছে তা আজ কাটিয়ে উঠতে পারবেন। পরিবারের সদস্যদের নিয়ে সমস্যার সমাধান হবে।

বৃশ্চিক

লক্ষে পৌঁচ্ছান অসম্ভব হয়ে পড়বে। মানুষ আপনার সমালোচনায় মুখর হবে।

ধনু

আপনার দায়িত্ব বৃদ্ধি পাবে। পরিবারের সমস্ত সদস্যদের নিয়ে এগিয়ে চলার চেষ্টা করুন।

মকর

উত্তেজিত হবেন না। ঠাণ্ডামাথায় লক্ষ্য পূরণের চেষ্টা করুন, তা না হলে সমস্যায় পড়তে পারেন।

কুম্ভ

সহযোগীতার মনভাব নিয়ে কাজ করুন। অযথা চিন্তিত্ব হবেন না।

মীন

খোলা মনে যে কোনও জায়গা যেতে পারেন। ব্যবসায়ে উন্নতি হবে।

বারাসত আদালতে শুরু হল অনুপম হত্যা মামলার সাক্ষ্যগ্রহণ পর্ব

নিজস্ব সংবাদদাতা, বারাসত : অনুপম হত্যা মামলার অন্যতম অভিযুক্ত মনুয়া মজুমদারের বাবা নির্মল মজুমদারের সাক্ষ্য গ্রহণ হল বৃহস্পতিবার বারাসত আদালতে। এদিন অতিরিক্ত জেলা এবং দায়রা ফাস্ট ট্রাক চতুর্থ কোর্টের বিচারকের এজলাসেই শুরু হয় সাক্ষ্যগ্রহণের কাজ। সাক্ষ্য গ্রহণের শুরুতেই সরকারি পক্ষের আইনজীবী বিপ্লব রায় নির্মল মজুমদারকে কয়েকটি প্রশ্ন করেন। তার উত্তর নির্মল মজুমদার দেন এজলাসের কাঠগড়ায় দাঁড়িয়ে। অনুপম খুনের ঘটনায় তার স্ত্রী মনুয়া এবং তার প্রেমিক অজিত রায় গ্রেফতার হওয়ার পর মনুয়ার পক্ষে আইনজীবী ছিলেন সুশোভন মিত্র। কিন্তু তিনি অসুস্থতার জন্য আদালতে হাজির না থাকার কারণে আদালতের নির্দেশে জেলার লিগ্যাল এইডসের পক্ষে আব্দুল রউফ নামে একজন আইনজীবীকে নিয়োগ করা হয়। কিন্তু পরবর্তীকালে মনুয়া ব্যক্তিগতভাবে সুব্রত বসু নামে একজন আইনজীবীকে নিযুক্ত করেন।

এদিন এজলাসে মনুয়ার ব্যক্তিগত এবং লিগ্যাল এইডসের আইনজীবীও হাজির ছিলেন। মনুয়ার ব্যক্তিগত আইনজীবী সুব্রত বসু সাক্ষী নির্মল মজুমদারকে জেরা করেন। জেরা শুরু আগে সুব্রত বসু বিচারক বৈষ্ণব সরকারের কাছে আবেদন জানান, সাক্ষ্যগ্রহণ চলাকালীন এই মামলার তদন্তকারী অফিসার এজলাশের ভিতরে থাকলে পারেন না। বিচারকের নির্দেশে তদন্তকারী অফিসার অবশ্য এজলাসের বাইরে চলে যান। এদিন সাক্ষ্যগ্রহণের কিছু আগেই এজলাসে আনা হয় মনুয়া মজুমদার এবং তার প্রেমিক অজিত রায়কে। অজিতের পরণে ছিল নীল সাদা ফুল হাতা সোয়েটার। মনুয়াও চুড়িদারের উপর কালো ডোরা কাটা সোয়েটার পরে আসে। এজলাশের লকআপের ভিতরে রাখা হয়েছিল অজিতকে। তবে মনুয়া ও মহিলা পুলিশের ঘেরাটোপে এজলাসের বাইরে দাঁড়িয়ে থাকে। কয়েক হাত দূরত্বের কাঠগড়ায় দাঁড়িয়ে তার বাবা নির্মল মজুমদার সাক্ষ্য দিলেও এদিন মেয়ের সঙ্গে বাবার কথা বলার মতো পরিবেশ ছিলনা।

ফলে কথাও হয়নি তাদের মধ্যে। এদিন মামলার সাক্ষ্য শুরুর আগেই এজলাস ভরে উঠেছিল উৎসুকদের ভিড়ে।

66th ANNUAL
THE DOVER LANE MUSIC CO
PRESS ME
Janua

ডোভার লেন মিউজিক কনফারেন্স সংস্থার সাংস্কৃতিক প্রধান সঞ্জয় বুধিয়া বলেন, কলকাতায় এই ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান করতে পেরে আমি খুশি।

বাবুঘাট থেকে গঙ্গাসাগর পর্যন্ত লাইভ টিভির আওতায় আনা হচ্ছে

Government of West Bengal
gangasagar
PRESS CONFERENCE
of
the rate, South 24 Par
ar Mela

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : ২০১৮ গঙ্গাসাগর মেলায় এবারে নতুন সংযোজন বাবুঘাট থেকে গঙ্গাসাগর পর্যন্ত লাইভ টিভির আওতায় আনা হচ্ছে। কেন্দ্রীয়ভাবে নজরদারি করা হবে। দ্বিতীয়ত মুড়িগঙ্গা নদীর কথা চিন্তা করে দশটি বাফার জোন করা হচ্ছে। গতবারের যে রকম ব্যবস্থা ছিল তাই থাকছে। এবার সবরকম পরিবহণের ভাড়া বাড়ছে না। একই থাকছে। নিরাপত্তায় জোর দেওয়া হচ্ছে। প্রশাসনের আশা এবার গঙ্গাসাগর মেলায় তীর্থযাত্রীর সংখ্যা বেশী হবে। কারণ অন্য কোথাও কোনও মেলা নেই। এবার গঙ্গাসাগর মেলার ব্যয় বরাদ্দ প্রায় ৭০ কোটি টাকা। এই মেলায় এবারই প্রথম স্যাটেলাইট ফোন ব্যবহার করা হবে প্রশাসনের তরফ থেকে।

উদয়নারায়ণপুরে তৃণমূল-বিজেপির কলহ

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়ার উদয়নারাণপুরে তৃণমূল কংগ্রেস সমর্থকদের সঙ্গে বিজেপির সমর্থকদের মধ্যে ঝামেলা বাধে। এই ঘটনায় বিজেপির গ্রামীণ সভাপতি অনুপম মল্লিক আহত হন। বুধবার রাতে এই ঘটনাটি ঘটে। সেই ঘটনার প্রতিবাদের বৃহস্পতিবার সকাল থেকেই বিজেপি কর্মী সমর্থকরা আন্দোলনে নামে। এদিন উলুবেড়িয়ার মনসাতলা ৬নম্বর জাতীয় সড়ক অবরোধ করেন তারা। শুধু গ্রামীণ এলাকাতেই নয় হাওড়ার শহর এলাকাতেও বিজেপি সমর্থকরা প্রতিবাদ মিছিল করেন। এদিন হাওড়া সদর এলাকার বিজেপির সভাপতি সুরজিৎ সাহার নেতৃত্বে এক বিরল মিছিল শেষ হয় হাওড়া ব্রিজে। সেখানে তারা পথ অবরোধ করেন।

"এক ভারত শ্রেষ্ঠ ভারত" আয়োজনে নেহরু যুব কেন্দ্র

নিজস্ব সংবাদদাতা : বৃহস্পতিবার যাদবপুর বিশ্ববিদ্যালয়ে 'এক ভারত, শ্রেষ্ঠ ভারত' বিষয়ে, দেশাত্মবোধ ও দেশগঠন প্রসঙ্গে বক্তৃতায় একটি রাজ্য পর্যায়ের প্রতিযোগিতার আয়োজন করে নেহরু যুব কেন্দ্র পশ্চিমবঙ্গ এবং আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের জেলাগুলি থেকে মোট ১৭ জন প্রতিযোগিতার অংশ নিয়েছেন। বিচারকের আসনে ছিলেন আনন্দমোহন কলেজের অধ্যক্ষা ডঃ অয়ন্তিকা ঘোষ, বাসন্তী দেবী কলেজের অধ্যক্ষা ইন্দ্রীলা গুহ এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের এনএসএস প্রোগ্রাম কো-অর্ডিনেটর অনুপম দেব। প্রথম স্থানাধিকারী হয়েছেন বাঁকুড়ার অপরাজিতা রায়। দ্বিতীয় হয়েছেন কলকাতার উজান নাতিক এবং তৃতীয়স্থান পেয়েছেন বর্ধমানের তৃপ্তি মুখার্জি। ব্লক, জেলা রাজ্য ও জাতীয় পর্যায়ে বক্তৃতা প্রতিযোগিতা আয়োজনের করা হচ্ছে এই বছর প্রজাতন্ত্র দিবস উদ্‌যাপনের অনুষ্ঠানে যুব-সম্প্রদায়ের বিপুল সংখ্যায় অংশগ্রহণ নিশ্চিত করা। এই প্রতিযোগিতার মূল উদ্দেশ, দেশের মানুষজন ও যুবকদের মধ্যে দেশাত্মবোধ জাগিয়ে তোলা যাতে তারা দেশ-গঠনের কাজে বেশি করে অংশ নেয়। এই প্রতিযোগিতা ছাত্র-ছাত্রীদের বক্তৃতাদানের ক্ষমতা সকলের সামনে প্রকাশের একটি সুযোগও এনে দিয়েছে।

অন্যদিকে, সারা দেশে যুব-সম্প্রদায়ের মধ্যে সুষ্ঠু আলাপচারিতার মাধ্যমে দেশাত্মবোধের আকঙ্খিত পরিবেশ সৃষ্টি হচ্ছে। এরফলে, ছাত্রছাত্রীদের মধ্যে নেতৃত্বদানের ক্ষমতার বৃদ্ধি করা ও শান দেওয়া হবে।

অনুষ্ঠানের উপস্থিত বিশিষ্টজনদের মধ্যে ছিলেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সহ-উপাচার্য অধ্যাপক আশীষ স্বরূপ ভার্মা, যুগ্ম-নিবন্ধক সঞ্জয় গোপাল সরকার এবং দূরদর্শন কলকাতার সংবাদ বিভাগের ডেপুটি ডিরেক্টর আব্দুল হামিদ।

তারাসুন্দরী বালিকা বিদ্যালয়ে আগুন

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : বুধবার রাতে হাওড়ার তারা সুন্দরী বালিকা বিদ্যালয়ের অফিস রুমে হঠাৎই আগুন লাগে। তৎপরতা ভয়াবহ অগ্নিকাণ্ডের হাত থেকে রক্ষা পেল তারা আগুন নিয়ন্ত্রণে আসে। অফিস ঘরের কম্পিউটার ও কাগজপত্র পুড়ে যায়। তবে আগুন ভয়াবহভাবে ছড়িয়ে পড়ার আগেই নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়েছে। কী কারণে এই আগুন লেগেছে তা জানা সম্ভব না হলেও শর্ট সার্কিট থেকেই এই আগুন লেগেছে বলেই দমকলের প্রাথমিক অনুমান। এই অগ্নিকাণ্ডে হতাহতের কোনও খরব নেই।

শিবপুরে দুই পাড়ার সংঘর্ষ, বাড়ি ভাঙচুর

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়ার শিবপুর দুই পাড়ার সংঘর্ষের ঘটনায় এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। বুধবার রাতের ঘটনা। শিবপুরের শেখ পাড়া ও কাজিপাড়ার মধ্যে সংঘর্ষ বাধে। এই ঘটনায় ১৫টি বাড়ি ভাঙচুর হয়। পরিস্থিতি সামাল দিতে ঘটনাস্থলে আসে বিশাল পুলিশ বাহিনী ও র‍্যাফ। এই ঘটনায় পুলিশ বেশ কয়েকজনকে আটক করেছে। জানা গিয়েছে, নববর্ষের রাতে কিছু ছেলে মদ্যপ অবস্থায় গাড়ি চালাচ্ছিল। গাড়ি চালাতে চালাতে তারা মেয়েদের বিরক্ত করছিল। কয়েকজন স্থানীয় যুবকও প্রতিবাদ করেন। এই ঘটনার জেরে বুধবার রাতে দুই পাড়ার মধ্যে তুমুল সংঘর্ষ হয়। এলাকায় এখনও পুলিশ পিকেট বসানো আছে।

বাগানে মা-ছেলের মৃত্যু ঘিরে রহস্য

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : মেচেদা লোকালে কাটা পড়ে মৃত্যু হল মা ও ছেলের। বাগনান স্টেশনে ঢোকার আগে এই ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার দুপুর ১২টা ০৫ মিনিট নাগাদ। পুলিশ সূত্রে খবর মৃত মহিলার নাম সালমা বেগম (৩৪) ও তার ছেলেন মান সাইনুর রহমান (৪)। শলমার বাপের বাড়ি বাগনানের চন্দ্রপুরে। শ্বশুরবাড়ি বাগনানের কুলিটাপাড়া। শ্বশুরবাড়ি থেকে বাপের বাড়ি আসছিল শলিমা। সেই সময় লাইন পার হওয়ার সময় আপ মেচেদা লোকালে কাটা পড়ে তারা। ঘটনাস্থলেই মৃত্যু হয় তাদের। জিআরপি মৃতদেহ দু'টি উদ্ধার করে ময়না তদন্তের জন্য পাঠায়। তবে এই মৃত্যু ঘিরে রহস্য দানা বেঁধেছে। অন্য একটি সূত্র মারফত জানা যাচ্ছে, মা তার নিজের ছেলেকে গিয়ে ট্রেনের সামনে ঝাঁপিয়ে পড়ে। আপ মেচেদা লোকালের ড্রাইভার তাদের বাঁচানোর অনেক চেষ্টা করেন। কিন্তু তা সম্ভব হয় নি। মৃতার স্বামী সেই সময় বাইরে ছিলেন। তিনি বাগনানে অটো চালান। পরিবারের অশান্তির জেরেই কি আত্মহত্যা? তার তদন্তে পুলিশ।

কিশোরীকে ধর্ষণের অভিযোগে গ্রেফতার প্রতিবেশী যুবক

নিজস্ব সংবাদদাতা, সাগরদিঘি : কিশোরীকে ধর্ষণের অভিযোগে গ্রেফতার প্রতিবেশী যুবক। ঘটনাটি ঘটেছে সাগরদিঘি থানার পাটলেকডাঙা অঞ্চলের দিয়ার বালাগাছি এলাকায়। থানার অভিযোগ দায়ের হতেই পুলিশ অভিযুক্তকে হেফাজতে নিয়েছে। স্থানীয় মানুষ অভিযুক্তের দৃষ্টান্তমূলক শাস্তির আবেদন জানিয়েছেন। অভিযুক্ত যুবকের নাম হাসান শেখ।

আমতায় যুব তৃণমূলের মহা মিছিল

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া জেলার আমতায় হাওড়া জেলা গ্রামীণ তৃণমূল যুব কংগ্রেসের ডাকে আমতা শহরের বিভিন্ন স্থানে মহা মিছিল হয়েছে। কেন্দ্রীয় সরকারের জনবিরোধী নীতি ও আরআইডিএফের বিরুদ্ধে এই মহা মিছিল করেছে তৃণমূল যুব কংগ্রেস। উপস্থিত ছিলেন তৃণমূল কংগ্রেসের জেলা গ্রামীণ সভাপতি ও বিধায়ক পুলক রায়, স্থানীয় বিধায়ক ডাঃ নির্মল মাঝি, সুকান্ত পাল, সেখ সেলিমুল আলম, আমতা-১ পঞ্চায়েত সমিতির কর্মকর্তরা উপস্থিত ছিলেন। বিধায়ক পুলক রায় বলেন, দলের নেতা-কর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করে যাচ্ছে জনসাধারণের জন্য। বিধায়ক ডাঃ নির্মল মাঝি বলেছেন, অনেক সুন্দর হয়েছে এই মিছিল। জনসংযোগ গড়ে তুলতে হবে, আমাদের রক্ষা করতে হবে এই বাংলাকে।

কেন্দ্রের বিজেপি সরকারের জনবিরোধী
ও FRDI বিল প্রত্যাহারের দাবীতে
মহা মিছিল

বাংলার মাটিতে পা রেখে নির্যাতন করে বিজেপি তাদের ঘর গোছাতে ব্যস্ত। শান্ত বাংলাকে অশান্তি সৃষ্টির চেষ্টা করছে তারা। তাদের বিরুদ্ধে জনমত গড়ে তুলতে হবে, আমাদের ও প্রতিরোধ গড়ে তুলতে হবে।

CHANGE OF NAME

I, FARIDA MOIZ COCHINWALA D/O MOIZ COCHINWALA & W/O ALIHUSSAIN SAIFUDDINBHAI R/O FLAT-8B/2,16/1/F, EAST TOPSIA ROAD P.O. GOVIND KHATIK ROAD, P.S.-PRAGATI MAIDAN, KOLKATA-700046, SHALL HENCE FORTH BE KNOWN AS FARIDA ALIHUSSAIN VIDE AN AFFIDAVIT SWORN BEFORE NOTARY PUBLIC AT KOLKATA ON 03/01/2018.

CHANGE OF NAME

I, Sahil Singh (Old Name) son of Dildar Singh residing at 7/1/1, Kaibarta Para Lane, P.O.-Salkia, P.S.-Malipanchghora, District-Howrah declare that I shall henceforth be known as Sahil Singh Virdhi (New Name) son of Dildar Singh Virdhi vide affidavit sworn before the Notary Public, Howrah Court dated 03.01.2018. Sahil Singh and Sahil Singh Virdhi is the same and one identical person.

CHANGE OF NAME

I, Dildar Singh(Old Name) son of Late Jogindar Singh Virdhi residing at 7/1/1, Kaibarta Para Lane, P.O.-Salkia, P.S.-Malipanchghora, District-Howrah declare that I shall henceforth be known as Dildar Singh Virdhi(New Name) vide affidavit sworn before the Notary Public, Howrah Court dated 03.01.2018. Dildar Singh and Dildar Singh Virdhi is the same and one identical person.